আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১২.৩০ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পরস্বাগত বক্তব্যসহসভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসারও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:</u>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায়জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এর পরিত্যক্ত ভবন ভাঙ্গার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য উপজেরা নির্বাহী অফিসার এবং প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণাকে বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে সেবার মান আরো বৃদ্ধি করতে হবে। | ০১.উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা<br>০২. উপজেলা প্রকৌশলী<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০২. | <u>উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,আটপাড়া সভায় জানান যে, হাসপাতালে ডেঙ্গুর পরীক্ষার অ্যান্টিজেন পর্যাপ্ত আছে এবং ডেঙ্গুর চিকিৎসার সকল ঔষধ ও স্যালাইন পর্যাপ্ত রয়েছে। তিনি আরো বলেন যে, ডেঙ্গুর বিরুদ্ধে প্রচার প্রচারণা ও পরিস্কার পরিচ্ছন্নতার অভিযান চালমান রয়েছে। হাসপাতালে সেবার মান বৃদ্ধি পেয়েছে। হেলথ সিস্টেম স্ট্রেংদেনিং স্কোরিং এ আটপড়া উপজেরা স্বাস্থ্য কমপ্লেক্স সেপ্টেম্বর মাসে ৫৭ তম হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | <u>কৃষি বিভাগ:</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সরিষা, গম, ভুট্টা ও পিয়াজ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৩০০০ কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বোরো আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৩৬০০ জন কৃষককে হাইব্রিড ধানের বীজ এবং ৪৮০০ জন কৃষকের মাঝে উফসী ধানের বীজ ও সার বিনামূল্যে বিতরণ করা হবে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | <u>ত্রাণ ও দূর্যোগ বিভাগ:</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিখা, কাবিটা ও টি.আর প্রকল্পের সাধারণ ও নির্বাচনী বরাদ্দের কাজের মেয়াদ শেষ হয়ে গেছে। কিছু কিছু ইউনিয়নে কিছু প্রকল্প এখনো সমাপ্ত হয়নি। এমতাবস্থায় দ্রুত কাজ শেষ করার জন্য ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করেন। কবিখা, টিআর | প্রকল্পেরকাজ দ্রুত করার জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>কোন শ্রমিকের নগদ একাউন্ট সম্বলিত সীম যেন শ্রমিক ব্যতীত অন্য কারো কাছে না থাকে সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>আটপাড়া,নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান (সকল)<br>আটপাড়া,নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | ২য় পর্যায়ের নির্বাচনী বরাদ্দের প্রকল্প তালিকার অনুমোদন পাওয়া গেছে এবং বরাদ্দ তালিকা জেলা কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে। ইজিপিপি প্রকল্পের কাজ আগামী ২৫-১১-২০২৩ তারিখ শনিবার হতে সকল ইউনিয়নে একযোগে শুরু করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হবে। | |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, বিগত ২১.১১.২০২৩ খ্রি. তারিখ হতে ২য় শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত তৃতীয় প্রান্তিক মূল্যায়ন/২০২৩ শুরু হয়েছে। ১ম শ্রেণির ধারাবাহিক মূল্যায়ন করা হচ্ছে। অগ্রগতির প্রতিবেদন দেয়ার হবে। ১১.১২.২০২৩ খ্রি. তারিখ তৃতীয় প্রান্তিক মূল্যায়নের ফলাফল একযোগে মা সমাবেশের মাধ্যমে ঘোষণা করা হবে। জানুয়ারি/২৩ হতে জুন/২৩ পর্যন্ত উপবৃত্তির টাকা বিতরণ কার্যক্রম শুরু হেয়ে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তির ভাতার টাকা ইতোমধ্যে ভাতা ভোগীদের মোবাইল হিসাব নম্বরে আসতে শুরু করেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সেবা প্রার্থীদের টাকা প্রতারক চক্র যেন না নিতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে প্রয়োজনে নাম্বার সংগ্রহ করে থানায় যোগাযোগ করতে হবে। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, উপজেলা পূর্ব পাশে কৃষি বিভাগের পরিত্যক্ত স্থাপনার নিলামের প্রয়োজন। উপজেলা পরিষদের সড়ক বাতির জন্য আলাদা মিটার স্থাপন প্রয়োজন। তিনি আরো বলেন যে, এডিপি প্রকল্প স্থানের জিপিএস কো-অর্ডিনেট সহ বিল দাখিল করবেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পূর্ব পাশে কৃষি বিভাগের পরিত্যক্ত স্থাপনার নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>পজেলা পরিষদের সড়ক বাতির জন্য আলাদা মিটার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা নির্বাহী অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী<br>আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. ইউনিয়ন পরিষদ<br>চেয়ার্ম্যান (সকল)<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা সমবায় অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ারে অ্যাওয়ার্ড-২০২৪ এর বিজ্ঞপ্তি এবং যুব কল্যান তহবিল থেকে যুব ও অন্যান্য স্বেচ্ছাসেবী সংগঠনদের ২০২৩-২০২৪ অর্থ বচরের অনুদান প্রদানের বিজ্ঞপ্তি সকলকে অবগত করেন। হাস-মুরগি, গবাদি পশুপালন ও চিকিৎসা এবং কৃষি বিষয়ক ০৩ মাসের প্রশিক্ষনের ব্যারে সকলকে অবগত করে এবং সংশ্লিষ্ট সবার সহযোদিতা কামনা করেন। এছাড়া নিয়মিত প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল)<br>আটপাড়া, নেত্রোকণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৯-১৪ ডিসেম্বর অনুষ্ঠিত পরিবার কল্যান সেবা ও প্রচার সপ্তাহ সফল করার ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করেন। কামরুননাহার জেবু ১০ সয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণকেন্দ্রে নরমাল ডেলিভারি সেবা শুরু হয়েছে। এই কেন্দ্রটি আরো চালু কারার জন্য প্রচার চালাতে স্থানীয় চেয়ারম্যানসহ সকলের সহযোগীতা কমানা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চলছে। | | |
| ১১. | <u>পল্লী উন্নয়ন বিভাগ:</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। এ মাসে ১৫.৫ লক্ষ টাকা বিতরণ হয়েছে। এ অর্থ বছরে ২৫.৩৮ লক্ষ টাকা ঋণ বিতরণ হয়েছে এবং ১৭.৮৩ লক্ষ টাকা আদায় হয়েছে। তিনি আরো বলেন যে, অপ্রধান শস্য প্রকল্পের কার্যক্রম চলমান। প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২ | <u>মৎস্য বিভাগ:</u>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম চলছে এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে ৮ম ও ৯ম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম শুরু হবে। ডিসেম্বর ১ তারিখ থেকে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষক নতুন কারিকুলামের ট্রেনিংএ অংশ নিবে এর জন্য কাজ চলমান রয়েছে। এখন বার্ষিক মূল্যায়ন উৎসর চলছে সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে।বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | <u>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউনিয়নে মাসে ৬ জন করে ভাতা ভোগী নির্বাচনের কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন ইউনিয়নে বাল্যবিবাহ, মাদক দ্রব্য, জঙ্গিবাদ বিষয়ে উঠান বৈঠক চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | <u>উপজেলা খাদ্য বিভাগ:</u> কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | <u>উপ-সহকারীপ্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u> উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬ | <u>বিদ্যুৎ বিভাগ, আটপাড়া:</u> কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭ | <u>তথ্যসেবা বিভাগ, (তথ্যআপা), আটপাড়া:</u> তথ্যসেবা কর্মকর্তা জানান যে, নভেম্বর/২০২৩ খ্রি. মাস ০২ টি উঠান বৈঠক সুখারী ও বানিয়াজান ইউনিয়নে অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান যে, তথ্যকেন্দ্রে ১৮ তম নিবন্ধনের আবেদন ও প্রাথমিক স্বাস্থ্য সেবার কার্যক্রম পরিমাণ অনুমানিক ভাবে বেশি। তথ্যকেন্দ্রের ও মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

<u>০৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ</u>তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

<u>০৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ</u> তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

<u>০৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ</u>তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

<u>৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ</u> তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

<u>৩ (৫)চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ</u>তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

CamScanner

০৩ (৬) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৭) চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ। |
|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, সভায় জানান যে, চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র জুলাই/২০২৩ হতে নভেম্বর/২০২৩ এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র জুলাই/২০২৩ হতে নভেম্বর/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা প্রদানের বিষয়ে সভায় আলেচনা করা হয়। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র জুলাই/২০২৩ হতে নভেম্বর/২০২৩ এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র জুলাই/২০২৩ হতে নভেম্বর/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা।<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

০৬। অন্যান্য আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ। |
|---|---|---|---|
| ০১ | বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতা-২০২৩ (উপজেলা পর্যায়ে) পরিচালনার জন্য উপজেলা পরিষদ হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা অতীরিক্ত ব্যয় হওয়ায় উক্ত অর্থ রাজস্ব হতবিল হতে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতা-২০২৩ (উপজেলা পর্যায়ে) পরিচালনার জন্য উপজেলা পরিষদ হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা অতীরিক্ত ব্যয় হওয়ায় উক্ত অর্থ রাজস্ব হতবিল হতে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা।<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০২ | উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব হতবিল হতে ব্যয় নির্বাহের জন্য আলোচনা হয়। | উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা।<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

০৭।উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য ক্ষেত্রে গুরুত্ব আরোপের জন্য সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার আহবান জানান।

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

CS CamScanner

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২- ৮৮০

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪৩০ বাংলা / ২৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ......................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ......................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ......................................................................................................

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১

CamScanner